যায়যায়দিন

তারিখ ... 8 AUG 2009 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৬ ...

# আযিযুল হক কলেজের দুর্নীতি তদন্তে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা

স্টাফ রিপোর্টার বগুড়া

বগুড়া সরকারি আযিযুল হক কলেজের অধ্যক্ষ ড. সুলতান আলী ও তার সহযোগীদের দুর্নীতির তদন্ত এবং দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়েছে। প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরাবর কলেজের সাধারণ ছাত্রছাত্রীরা এ হস্তক্ষেপ কামনা করে বৃহস্পতিবার স্মারকলিপি দিয়েছে। এছাড়া অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়া হয়েছে।

বগুড়া আযিযুল হক কলেজ ক্যাম্পাস থেকে বৃহস্পতিবার দুপুরে সাধারণ ছাত্রছাত্রীরা একটি মিছিল বের করে। মিছিলটি বগুড়া শহরের প্রধান প্রধান সড়ক আযিযুল : পৃষ্ঠা ১৫ কলাম ৫

## আযিযুল : প্রধানমন্ত্রীর

(শেষ পৃষ্ঠার পর)

প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে তারা প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপি গ্রহণ করেন জেলা প্রশাসক ইফতেখারুল ইসলাম খান। তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি পৌঁছানোর আশ্বাস দেন।

এদিকে বাংলাদেশের মুক্তিযোদ্ধা সংসদের সহযোগী সংগঠন 'আমরা মুক্তিযোদ্ধার সন্তান' বগুড়া জেলা শাখার সভাপতি রেজাউল করিম এক বিবৃতিতে আযিযুল হক কলেজের দুর্নীতির তদন্তে প্রধানমন্ত্রী ও দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যানের কাছে আবেদন করেছেন। বিবৃতিতে তিনি সাবেক ও বর্তমান ছাত্রনেতাদের এ ব্যাপারে সোচ্চার হওয়ার আহ্বান জানান। তিনি এ আন্দোলন কর্মসূচিতে দলমত নির্বিশেষে বগুড়ার সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

অন্যদিকে বৃহস্পতিবার দুপুরে বগুড়া জেলা পরিষদ মিলনায়তনে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আঞ্চলিক কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনশনে কেন্দ্রীয় নেতারা বক্তব্য রাখেন। বক্তারা আযিযুল হক কলেজের বিভিন্ন খাতে সীমাহীন দুর্নীতি বন্ধে শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।